



**WEST BENGAL STATE UNIVERSITY**  
B.A. Honours Part-III Examination, 2022

বাংলা

সপ্তম পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×২=২০
- (ক) প্রবন্ধসাহিত্য বলতে কী বোঝা ? যথোপযুক্ত উদাহরণের সাহায্যে বস্তুনিষ্ঠ (Objective) প্রবন্ধ ও ব্যক্তিনিষ্ঠ (Subjective) প্রবন্ধের প্রকৃতি বিশ্লেষণ করো। ২+৪+৪
- (খ) রম্যরচনা কোন্ কোন্ গুণে রমনীয় হয়ে ওঠে ? রম্যরচনা ও লঘুরচনা কী একজাতের ? বাংলা সাহিত্যের একটি সফল রম্যরচনা সম্পর্কে আলোকপাত করো। ৩+৩+৪
- (গ) ব্যক্তিগত পত্র কোন্ গুণে পত্রসাহিত্য হয়ে ওঠে বুঝিয়ে দাও। বাংলা পত্রসাহিত্য সম্পর্কে একটি নাতীদীর্ঘ প্রবন্ধ রচনা করো। ৫+৫
- (ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (যে-কোনো দুটি) ৫+৫
- (অ) ডায়ারি-সাহিত্য।
- (আ) ভ্রমণসাহিত্য।
- (ই) মনস্তাত্ত্বিক সাহিত্য সমালোচনা পদ্ধতি।
- ২। পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে ‘কমলাকান্তের দপ্তর’ রচনাটির শ্রেণি বিচার করো। ১৫
- অথবা
- “যৌবনে অর্জিত সুখ অল্প ..... এখন অর্জিত সুখ অধিক” – কোন্ প্রবন্ধের অংশ ? যৌবন এবং বার্ধক্যের সুখানুভূতির পার্থক্য কোথায় ? সুখের অনুভূতি সম্পর্কে প্রাবন্ধিকের অভিমতটি ব্যক্ত করো। ১+৬+৮
- ৩। “এই জন্যে স্বর্গের উপর আড়ি করে আমি আমার দরিদ্র মায়ের ঘর আরো বেশি ভালোবাসি।” – ‘এই জন্যে’ বলতে লেখক কোন্ কারণটি বুঝিয়েছেন ? তাঁর সুগভীর মর্ত্যপ্রীতির মধ্যে প্রকৃতির মাতৃস্বরূপ কীভাবে অনুভূত হয়েছে ? পঠিত পত্রের সূত্রে আলোচনা করো। ৫+১০
- অথবা
- ‘ছিন্নপত্র’ নিছক কতকগুলি পত্রের সমাবেশ নয়, তার মধ্য দিয়ে পত্রসাহিত্যের যে বিশেষ লক্ষণগুলি ফুটে উঠেছে, সে বিষয়ে তোমার মতামত দাও। ১৫
- ৪। “আমাদের দেশে এমন একটি বিশ্ববিদ্যালয় গড়বার পরীক্ষা খুবই বাঞ্ছনীয়, যার বিশেষ ঝোঁক থাকবে বিজ্ঞান ও সমাজতত্ত্বের উপরে এবং যেটি চালান হবে কোন ভারতীয় ভাষার মাধ্যমে।” — প্রসঙ্গটি উল্লেখ করে উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১৫

অথবা

‘পটুয়া শিল্প’ প্রবন্ধে বঙ্গীয় পটশিল্পের উদ্ভবের পটভূমি বুঝিয়ে দাও। বঙ্গীয় পটশিল্পে ‘বলবার কথা’ আর ‘বলবার ভাষা’ সম্পর্কে প্রাবন্ধিকের বক্তব্য স্পষ্ট করো। ৫+১০

৫। সাহিত্যে আধুনিকতা বলতে কী বোঝায় – বিভিন্ন কালের সাহিত্য আলোচনার মাধ্যমে তার তাৎপর্য ব্যাখ্যা করো। ১৫

অথবা

‘আর বাঙালি কবির পক্ষে, বিশ শতকের তৃতীয় চতুর্থ দশকে, প্রধানতম সমস্যা ছিলেন রবীন্দ্রনাথ।’ – কোন্ প্রবন্ধে, কার মন্তব্য? উদ্ধৃতাংশের আলোকে প্রবন্ধটি আলোচনা করো। ২+১৩

৬। নিম্নলিখিত যে-কোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করোঃ ২০×১=২০

- (ক) মধ্যযুগের বাংলা কাব্যে নারী-পুরুষ সম্পর্কের বৈচিত্র্য
- (খ) গণনাট্য আন্দোলন ও বাংলা নাটক
- (গ) উনিশ শতকের নবজাগরণ ও বাংলা কবিতা
- (ঘ) বাংলা ঐতিহাসিক উপন্যাস
- (ঙ) বাংলা সাহিত্যের চলচ্চিত্রায়ণ
- (চ) কালিদাস ও রবীন্দ্রনাথ।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—X—